দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

আসন্ন এইচএসসি পরীক্ষা

# চট্টগ্রামে কলেজ শিক্ষকদের মাঝে তীব্র অসন্তোষ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ঃ** আসন্ন এইচএসসি পরীক্ষা উপলক্ষে এক কলেজ কেন্দ্রের সকল শিক্ষককে অন্য কলেজ কেন্দ্রে স্থানান্তরের একটি সিদ্ধান্তকে কেন্দ্র করে চট্টগ্রামে শিক্ষকদের মাঝে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে।

চট্টগ্রাম সরকারী কলেজ, সিটি কলেজ, কমার্স কলেজসহ বিভিন্ন কলেজের শিক্ষক নেতৃবৃন্দ কর্তৃপক্ষীয় এ ধরনের প্রস্তাবকে সম্পূর্ণ অযৌক্তিক ও শিক্ষক সমাজের প্রতি অবমাননাকর বলে উল্লেখ করেছেন। ইতোমধ্যেই শিকক্ষগণ জরুরী সভায় মিলিত হয়ে এ সিদ্ধান্তের কঠোর সমালোচনা করে বলেছেন, এক কেন্দ্র থেকে অন্য কেন্দ্রে শিক্ষকদের ঢালাওভাবে স্থানান্তরের ফলে নকল বন্ধ করা তো দূরের কথা, বরং যেখানে নকল হয় না সেখানেও নকল ছড়িয়ে পড়বে ব্যাপকভাবে। চট্টগ্রাম কলেজ শিক্ষক পরিষদ, কমার্স কলেজ শিক্ষক পরিষদ, সিটি কলেজ শিক্ষক পরিষদ পৃথক পৃথকভাবে এ সিদ্ধান্ত কার্যকর না করার জন্য সরকারের সর্বোচ্চ মহলের হস্তক্ষেপ কামনা করেছে। এ উপলক্ষে আগামী ২৪ জুন বিকাল ৩টায় চট্টগ্রাম কলেজ শিক্ষক মিলনায়তনে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি, বৃহত্তর চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের এ গুরুত্বপূর্ণ সভা আহ্বান করা হয়েছে।